# 34296 - হজ্জ বা উমরা করতে ইচ্ছুক ব্যক্তির মীকাত অতিক্রম করে আবার মীকাতে ফিরে যাওয়া

প্রশ্ন

জনৈক ব্যক্তি হজ্জ করতে ইচ্ছুক। কিন্তু মক্কাতে তার একটি প্রয়োজন আছে এরপর মদিনাতে। সে ব্যক্তি মীকাত অতিক্রম করে ফেলেছে; কিন্তু ইহরাম বাঁধেনি। মক্কায় প্রবেশ করেছে, এরপর মদিনার উদ্দেশ্যে সফর করেছে এবং মদিনার মীকাত থেকে হাজী হিসেবে ইহরাম বেঁধেছে। তার এই কাজের হুকুম কি?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যেহেতু হজ্জ করতে ইচ্ছুক ব্যক্তি মদিনাবাসীদের মীকাতের উদ্দেশ্যে বেরিয়ে গিয়ে সেখান থেকে ইহরাম বেঁধে এসেছেন; সুতরাং প্রথমে ইহরাম ছাড়া মক্কাতে প্রবেশের কারণে তার উপর কোন কিছু বর্তাবে না। তবে তার জন্য উত্তম ছিল তার প্রথম মীকাত থেকে ইহরাম অবস্থায় প্রবেশ করা।

আল্লাহ্ই তাওফিকদাতা।